৬৫

দৈনিক বাংলা

তারিখ 09 JUL 1995
পৃষ্ঠা ১২ কলাম ৭

# নিরক্ষরমুক্ত ডাকুরাইল গ্রামে স্কুল নেই

মিডিয়া সিন্ডিকেট ঃ গাজীপুর।– ডাকুরাইল একটি গ্রামের নাম। গ্রামের নামটিতে কোন আধুনিকতার ছাপ না থাকলেও এ গ্রামটি গাজীপুর জেলার একটি বিখ্যাত ও সুপরিচিত গ্রাম। গ্রামটির শতকরা প্রায় একশ' জন লোক শিক্ষিত। হাতেগোনা মাত্র কয়েকজন ব্যক্তি ছাড়া প্রায় সবাই লিখতে ও পড়তে পারে। গ্রামটি গাজীপুর জেলার কালিয়াকৈর থানার বোয়ালী ইউনিয়নের অন্তর্গত।

গ্রামটিতে প্রায় ৬শ' লোকের বসবাস। এর মধ্যে মন্ত্রণালয়ের যুগ্মসচিব, অতিরিক্ত জেলা প্রশাসক, থানা নির্বাহী অফিসার, ডাক্তার, ইঞ্জিনিয়ার, অধ্যাপকসহ প্রায় ৫০ জন সরকারী কর্মকর্তা আছেন।

গত মাসে থানা শিক্ষা বিভাগের উদ্যোগে শিশু জরিপের রিপোর্টে জানা যায়, হাতেগোনা কয়েকজন ব্যক্তি ছাড়া গ্রামের প্রায় সকল লোকজনই লিখতে ও পড়তে পারে। এ গ্রামের আরেক বাশিন্দা ও ঢোলসমুদ্র প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবদুর রশিদ মোল্লা জানান, এ অঞ্চলে ডাকুরাইল গ্রামটি শিক্ষার ক্ষেত্রে ব্যাপক সুপরিচিত থাকলেও গ্রামটিতে কোন স্কুল নেই।